আপনার অধিকার দাবি করুন

অধিকার দাবি করার জন্য ক্রমানুযায়ী পদক্ষেপ

তথ্য সংক্রান্ত একখণ্ড কাগজ

২০০০ সালের এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ অ্যাক্ট, যেটি ESA নামে পরিচিতি, হচ্ছে একটি আইন যার মাধ্যমে অণ্টারিওতে চাকরি করার ক্ষেত্রে আইন অনুসারে নির্দিষ্ট ন্যূনতম বেতন ধার্য করা হয়েছে।

আপনি যদি ESA দ্বারা সুরক্ষিত হয়ে থাকেন, তাহলে কর্মক্ষেত্রে আপনার দাবি জানানোর অধিকার আছে। আপনার নিয়োগকর্তা এইগুলি করতে পারেন না ঃ

- আপনাকে ভীতি-প্রদর্শন করতে
- আপনাকে চাকরি থেকে ছাড়িয়ে দিতে
- আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করতে
- আপনাকে কোনোরকমে শাস্তি দিতে, অথবা
- এই আচরণের কোনো একটি দিয়ে আপনাকে ভয় দেখাতে,

যেহেতু আপনার ESA অধিকার সম্বন্ধে আপনি জানতে বা অধিকার আদায় করতে চেয়েছেন।

আপনার অধিকার বাধ্যতামূলকভাবে প্রয়োগ করাতে কে সাহায্য করতে পারে ?

আপনি যদি মনে করেন যে আপনার নিয়োগকর্তা ESA আইন মেনে চলেন না এবং যেগুলো আপনার পাওয়ার কথা আপনি পাচ্ছেন না, তাহলে শ্রমিক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করুন। ইউনিয়নভুক্ত কর্মচারীদের প্রথমে তাঁদের ইউনিয়ন প্রতিনিধির সাথে কথা বলতে হবে।

শ্রমিক মন্ত্রণালয় আপনার অধিকার সম্বন্ধে আপনাকে বুঝিয়ে বলতে পারবে, আপনার প্রশ্নের উত্তর দিতে ও আপনার নালিশ সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করতে পারবে। আপনার অধিকার সম্বন্ধে শ্রমিক মন্ত্রণালয়ের সাথে আপনি আলোচনা করার জন্য আপনার নিয়োগকর্তা আপনাকে শাস্তি দিতে পারবেন না।

আমাদের সাথে কথা বলার পর, আপনি আপনার অধিকার সম্বন্ধে দাবি দাখিল করতে পারবেন।

অধিকার দাবি করার ক্ষেত্রে চারটি পদক্ষেপ

পদক্ষেপ ১ ঃ আপনার নিয়োগকর্তার সাথে যোগাযোগ করেছেন ?

সাধারণতঃ, আপনার দাবি সম্বন্ধে তদন্ত করার আগে আপনাকে প্রথমে চেষ্টা করতে হবে আপনার নিয়োগকর্তার সাথে যোগাযোগ করতে আপনার চাকরির ক্ষেত্রে অধিকারগুলি সম্বন্ধে কথা বলার জন্য। **এই পন্থার মাধ্যমে মুখ্য বিষয়গুলি খুব তাড়াতাড়ি সমাধান করা যেতে পারে। নিম্নে কতগুলি উদাহরণ দেয়া হলো যেগুলি সম্বন্ধে কর্মচারীগণকে তাঁদের নিয়োগকর্তার সাথে যোগাযোগ করতে হবে না ঃ**

- আপনার নিয়োগকর্তার সাথে যোগাযোগ করার চেষ্টা আপনি করেছেন।
- আপনার যে বেতন পাওনা আছে সেটি বাকি আছে পাঁচ মাস আগে থেকে কিংবা তারো বেশি সময় (পুনরুদ্ধার করার ক্ষেত্রে সময়সীমা আছে, **ক্লেম গাইডের ৫ম পৃষ্ঠা দেখুন**)।
- আপনার কর্মস্থান বন্ধ হয়ে গেছে।
- আপনার নিয়োগকর্তা দেউলিয়া হয়ে গেছে কিংবা রিসিভারশীপে আছে।
- যোগাযোগ করতে আপনি ভীত।
- আপনার বিষয়টি অর্থের সাথে জড়িত নয়।

- আপনি একজন লিভ-ইন্ কেয়ারগিভার হিসেবে কাজ করছেন বা করেছেন।
- আপনার নিয়োগকর্তা যে ভাষায় কথা বলেন সে-ভাষায় আপনি কথা বলতে পারেন না।
- আপনি একজন অল্পবয়স্ক কর্মচারী।
- আপনার অক্ষমতা আছে যে-কারণে আপনার নিয়োগকর্তার সাথে যোগাযোগ করা সম্ভব হয় না, কিংবা
- অণ্টারিও হিউম্যান রাইট্স্ কোডের ভিত্তিতে একটি সঙ্গত কারণ আছে।

আপনার অবস্থা যদি উপরের কোনো একটির মধ্যে না পড়ে, এবং আপনি যদি মনে করেন যে আপনার চাকরির কোনো বিষয়ে আপনার নিয়োগকর্তার সাথে যোগাযোগ না করায় সঙ্গত কারণ আছে, তাহলে সেই কারণটি আপনার ক্লেম ফর্মে আপনি ব্যাখ্যা করার সুযোগ পাবেন।

আরো বিস্তারিত তথ্য পেতে হলে দয়া করে **এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ ইনফর্মেশন সেণ্টারের কাছে ৪১৬-৩২৬-৭১৬০ অথবা ১-৮০০-৫৩১-৫৫৫১** নাম্বারে টেলিফোন করতে পারেন।

এই মন্ত্রণালয় ওয়ার্কশীট তৈরি করেছে আপনাকে সাহায্য করতে আপনি কি ধারেন এবং কিভাবে আপনার নিয়োগকর্তার সাথে যোগাযোগ করবেন সে-সম্বন্ধে নিয়মাদি।

পদক্ষেপ ২ ঃ গুরুত্বপূর্ণ কাগজপত্র যোগাড় করুন

ক্লেম ফর্ম পূরণ করতে আপনাকে সাহায্য করার জন্য, আপনার প্রয়োজন হতে পারে আপনার এমপ্লয়মেণ্ট বৃত্তান্ত সম্বন্ধে ইতিবৃত্ত এবং আপনার নিয়োগকর্তার তথ্য। এই ডকুমেণ্টগুলি মন্ত্রণালয়ের কাছে আপনাকে পাঠাতে হতে পারে যদি আপনার খেসারত দাবি সম্বন্ধে তদন্ত করা হয়। কিধরনের কাগজপত্র আপনার লাগতে পারে জানতে হলে দয়া করে ক্লেম গাইডে “কালেক্ট ইম্পর্ট্যাণ্ট ডকুমেণ্ট্স্” দেখুন।

পদক্ষেপ ৩ ঃ ক্লেম ফর্ম পূরণ করুন

ক্লেম ফর্মে আপনাকে অনেক বিস্তারিত তথ্য দিতে বলা হবে। এটি পূরণ করতে আপনার একঘণ্টা বা তারো বেশি সময় লাগতে পারে।

আপনার কাছ থেকে ভিত্তিস্বরূপ যে তথ্য আমাদের প্রয়োজন সেগুলি আপনি দেখতে পাবেন বৈশিষ্ট্যসূচক তারকাচিহ্ন (*) দেয়া। শ্রম মন্ত্রণালয় আপনার সাথে যোগাযোগ করতে পারে যদি প্রয়োজনীয় কোনো তথ্য যথাস্থানে না থাকে।

ক্লেম ফর্ম পূরণ করার জন্য যদি সাহায্য লাগে, তাহলে **www.labour.gov.on.ca/english/es/forms/claim.php** ওয়েবসাইট খুলে সাপোর্ট সার্ভিস পেতে হলে কোথায় যোগাযোগ করতে হবে খুঁজে বের করুন। অন্যথায় আপনি এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ ইনফর্মেশন সেণ্টারে ৪১৬-৩২৬-৭১৬০ বা ১-৮০০-৫০১-৫৫৫ নাম্বারে টেলিফোন করতে পারেন।

আমরা যখন আপনার ক্লেম তদন্ত করার জন্য সব তথ্যগুলি পাবো, তখন আপনার সাথে যোগাযোগ ক’রে আপনার ক্লেম নাম্বার আপনাকে দেয়া হবে, এবং তারপর আপনার ক্লেম তদন্ত প্রক্রিয়ায় চালিত হবে।

পদক্ষেপ ৪ ঃ আপনার ক্লেম লেবার মিনিস্ট্রিতে পাঠান

ব্যক্তিগতভাবে একজন একটি ক্লেম দাখিল করতে পারেন এই উপায়ে ঃ
অন্-লাইন ঃ **www.labour.gov.on.ca/english/es/forms/claim.php**-এর মাধ্যমে। সঙ্গে সঙ্গে আপনার ক্লেম নাম্বার আপনি পেয়ে যাবেন।
ব্যক্তিগতভাবে ঃ একটি সার্ভিসঅণ্টারিও সেণ্টারে (১-৮০০-২৬৭-৮০৯৭)।
ফ্যাক্সের মাধ্যমে ঃ ১-৮৮৮-২৫২-৪৬৮৪ নাম্বারে।
ডাকযোগে ঃ Provincial Claims Centre
Ministry of Labour
70 Foster Drive, Suite 410
Roberta Bondar Place
Sault Ste. Marie, ON P6A 6VA

দ্রষ্টব্য ঃ আপনার ক্লেম যদি ফ্যাক্সে, ব্যক্তিগতভাবে, কিংবা ডাকযোগে পাঠান, আপনি ডাকযোগে একটি চিঠি পাবেন আপনার ক্লেম নাম্বার দিয়ে আপনার দেয়া সব তথ্য যাচাই ক'রে দেখার পর। আপনার ক্লেম নিবেদনে কোনো প্রয়োজনীয় তথ্য যদি না থাকে তাহলে ডাকযোগে আপনি একটি চিঠি পাবেন আপনার ক্লেম নাম্বার দিয়ে এবং আরো তথ্য দেয়ার জন্য অনুরোধ জানিয়ে।

একটি ক্লেম দাখিল করার নাম্বার দেয়া হয় যখনই মন্ত্রণালয় আপানর ক্লেম ফর্ম পায় ও রেজেস্ট্রীভুক্ত করে। আপনাকে একটি ক্লেম নাম্বার দেয়া হবে এবং সকল প্রয়োজনীয় তথ্য দেয়া শেষ হয়েছে কিনা মন্ত্রণালয় পরীক্ষা করার পর আপনার ক্লেম তদন্ত করার জন্য দেয়া হবে।

একটি ক্লেম যখন দাখিল করা হয়, মন্ত্রণালয়ের কর্মচারীবৃন্দ চেষ্টা করতে পারেন বিষয়টি আপনার ও আপনার নিয়োগকর্তার মাধ্যমে মীমাংসা করতে। বিষয়টি যদি মীমাংসা করা না যায় তখন তদন্ত প্রক্রিয়া আরম্ভ করা হবে। ক্লেম সমূহ যত তাড়াতাড়ি সম্ভব তদন্ত করা হয়। প্রক্রিয়াটি সমাপ্ত করতে বিভিন্ন মাত্রার সময় লাগতে পারে।

একটি ক্লেম ফর্ম আমি কোথা থেকে পেতে পারি ?

একটি ক্লেম দাখিল করার জন্য একজন কর্মচারীকে অবশ্যই ক্লেম ফর্ম পূরণ করতে হবে যেটি লেবার মিনিস্ট্রির ওয়েবসাইট www.labour.gov.on.ca থেকে নিতে হবে কিংবা ServiceOntario Publications থেকে ডাকযোগে পেতে হবে, কিংবা ServiceOntario Centre থেকে ব্যক্তিগতভারে সংগ্রহ করতে হবে।

একটি ক্লেম দাখিল করার জন্য কি করতে হবে ?

ক্লেম ফর্ম পূরণ করার জন্য কর্মচারীকে অবশ্যই এই তথ্যগুলি দিতে হবে ঃ

- ন্যূনতম কোন্ নির্ধারিত নীতি লঙ্ঘন করা হয়েছে (যেমন, নিয়োগকর্তা ওভারটাইমের বেতন দেয়নি বা কর্মচারী চুক্তির মেয়াদ উত্তীর্ণ অর্থ দেয়া হয়নি)
- কখন এটা ঘটেছে (তারিখ সমূহ)
- বাকি পড়া কত টাকা ক্লেম করা হয়েছে (যেমন, ডলারে কত, যদি জানা থাকে)

এছাড়া, কর্মচারীকে জিজ্ঞাসা করা হবে তাঁর নিয়োগকর্তা সম্বন্ধে তথ্য জানতে, যেমন ঃ

- নিয়োগকর্তার নাম, পুরো ঠিকানা এবং টেলিফোন নাম্বার (সমূহ)
- নিয়োগকর্তা এখনো সক্রিয় আছেন কিনা
- নিয়োগকর্তা কি অন্য প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনা করেন, অথবা অন্য কোনো নামে পরিচালনা করেন

এরপর কি হবে ?

আপনার ক্লেমের পুনরীক্ষণ যখন শেষ হবে, এবং সকল তথ্য দেয়া যখন শেষ হয়েছে, শ্রম মন্ত্রণালয়ের একজন এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ অফিসারকে নিযুক্ত করবে ক্লেমটি তদন্ত করতে।

ক্লেমের তদন্ত চলাকালীন, কর্মচারীকে জিজ্ঞাসা করা হবে নিম্নোক্ত কয়েকটি অথবা সবকটি বিষয় সম্বন্ধে ঃ

- বেতন পাওয়ার স্টাব্ কিংবা বেতনের চেক্
- T4 স্লিপের কপি
- তাঁর চাকরি ছাঁটাইয়ের লিখিত নোটিস (যদি কর্মচারীর চাকরি শেষ হয়ে গিয়ে থাকে এবং/কিংবা নিয়োগকর্তা দ্বারা ছাঁটাই করা হয়ে থকে ও নোটিস দেয়া হয়ে থাকে)
- কর্মচারীর এমপ্লয়মেণ্ট রেকর্ডের একটি কপি, যদি পেয়ে থাকে
- নিয়োগ করার কোনো লিখিত চুক্তির একটি কপি, যদি থাকে
- কোনো ওয়ার্নিং লেটার অথবা নোটিস যদি পেয়ে থাকে সেগুলির কপি
- কত ঘণ্টা কাজ করেছে তার রেকর্ড, যদি থাকে (যেমন, ক্যালেণ্ডার রেকর্ড, টাইমশীট, হাজিরি রেকর্ড. ডায়রী অথবা নোট্স্)

তদন্ত প্রক্রিয়া শেষ হওয়ার পর কি হবে ?

এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ অফিসার যদি দেখতে পান যে আপনার নিয়োগকর্তা কোনো নিয়ম লঙ্ঘন করেননি, অফিসার আপনাকে সেটি বলবেন। এই সিদ্ধান্তের সাথে আপনি যদি একমত না হন, আপনি ৩০দিন সময় পাবেন পুনরীক্ষণ করার জন্য দরখাস্ত করতে।

এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ অফিসার যদি দেখতে পান যে আপনার নিয়োগকর্তা আইন লঙ্ঘন করেছেন, তাহলে ঐ অফিসার আপনার নিয়োগকর্তাকে বলতে পারেন ঃ

- আপনার পাওনা বেতন আপনাকে দেয়ার জন্য
- ESA-র নিয়মগুলি অনুসরণ করতে
- আপনাকে চাকরিতে ফিরিয়ে নিতে
- আপনাকে ক্ষতিপূরণ দিতে।

নিয়োগকর্তাদের বিরুদ্ধে মামলা রুজু করা যেতে পারে ESA লঙ্ঘন করার জন্য। যদি দোষী সাব্যস্ত হন তাহলে নিয়োগকর্তার জরিমানা হতে পারে এবং/অথবা তাঁকে জেলে পাঠানো হতে পারে।

এসবে কি সময়সীমা আছে ?

কোনো কোনো ক্ষেত্র ছাড়া, ক্লেম দাখিল করার ছয় মাস আগ পর্যন্ত শ্রম মন্ত্রণালয় বেতন পুনরুদ্ধার করতে পারে। আরো বিস্তারিত তথ্যের জন্য www.labour.gov.on.ca ওয়েবসাইট খুলে দেখুন।

মিনিস্ট্রি অব্ লেবার-এর সাথে যোগাযোগ

এমপ্লয়মেণ্ট স্ট্যাণ্ডার্ড্স্ ইনফর্মেশন সেণ্টারে ৪১৬-৩২৬-৭১৬০, ১-৮০০-৫০১-৫৫৫১ (টোল ফ্রী) নাম্বারে টেলিফোন করতে পারেন, অথবা ১-৮৬৬-৫৬৭-৭৭৯৩ (কানে কালা TTY) নাম্বারে টেলিফোন করা যেতে পারে।

মিনিস্ট্রি অব্ লেবার-এর www.labour.gov.on.ca ওয়েবসাইট খুলে Employment Standards সেকশনটি দেখুন যেখানে অন্‌লাইন ইশতিহারে আরো বিস্তারিত তথ্য দেয়া আছে ESA নীতিমালা সম্বন্ধে।

এই তথ্য দেয়া হচ্ছে পাবলিক সার্ভিস হিসেবে। আমরা যদিও নিশ্চিত করার চেষ্টা করি যে এইসব তথ্য যতদূর সম্ভব বর্তমানের, কখনো কখনো ভুল হতেই পারে। অতএব, এই তথ্যগুলি সম্বন্ধে আমরা কোনো গ্যারাণ্টি দিতে পারি না। পাঠক-পাঠিকা, যতদূর সম্ভব, তথ্যগুলি যাচাই ক'রে দেখতে পারেন এমত অনুযায়ী কাজ করার পূর্বে।

©Queen's Printer for Ontario, 2010
Printed in Canada

ISBN 978-1-4435-4548-8
Bengali